**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**10 FEBRUARY 2025** **7:35 AM IST**

==========================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরীক্ষা পে চর্চার অষ্টম পর্বে আজ নতুন দিল্লীর ভারত মন্ডপমে ছাত্র-ছাত্রীদের সঙ্গে মত বিনিময় করবেন । অনুষ্ঠানে দেশের বিভিন্ন প্রান্তের নানা পেশার সঙ্গে জড়িত বিশিষ্ট ব্যাক্তিরা নিজেদের অভিজ্ঞতা শিক্ষার্থীদের সঙ্গে ভাগ করে নেবেন । এই অনুষ্ঠান দূরদর্শন ছাড়াও স্বয়ম ,স্বয়ম প্রভা , প্রধানমন্ত্রী কার্যালয়ের ইউ টিউব চ্যানেল এবং তথ্য প্রযুক্তি মন্ত্রকের সামাজিক মাধ্যমে সরাসরি সম্প্রচার করা হবে । চলতি বছর এই অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য প্রায় তিন কোটি শিক্ষার্থী ,শিক্ষক ও অভিভাবক আবেদন জানিয়েছেন । এরমধ্যে ৩৬ জন শিক্ষার্থী এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন মোদীর সঙ্গে সরাসরি কথা বলতে পারবে । উল্লেখ্য পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানে পরীক্ষার সময় পরীক্ষার্থীদের সম্মুখীন হওয়া মানসিক চাপ দূর করার উপায় সম্পর্কে আলোকপাত করা হয় ।

---

হাইলাকান্দি জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আজ প্রধানমন্ত্রীর পরীক্ষা পে চর্চা কার্যসূচীর সরাসরি সম্প্রচার করা হবে । হাইলাকান্দি শহরের এস এস কলেজে জায়েন্ট স্ক্রিনে সকাল ১১ টা থেকে জেলাস্তরে এই অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । জেলার শিক্ষা বিভাগের পক্ষ থেকে সাংসদ , বিধায়ক , জেলা আয়ুক্ত , জেলার আধিকারীক , শিক্ষাবিদ সহ ছাত্র-ছাত্রীদের এই অনুষ্ঠানে অংশগ্রহণ করার আমন্ত্রণ জানানো হয়েছে । এছাড়া জেলার সব সরকারী ও বেসরকারী বিদ্যালয়ে পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানটি দেখানোর ব্যবস্থা করা হয়েছে ।
কাছাড় ও শ্রীভূমি জেলার সরকারী ও বেসরকারী বিদ্যালয়গুলোতেও আজ প্রধানমন্ত্রীর পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানটি সরাসরি দেখানোর জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।

---

মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিং মুখ্যমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেছেন । গতকাল বিকেলে ইম্ফালের রাজভবনে গিয়ে রাজ্যপাল অজয় কুমার ভাল্লার হাতে পদত্যাগ পত্র তুলে দেন । শ্রী সিং গতকাল সকালে নতুন দিল্লীতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-র সঙ্গে সাক্ষাৎ করার পরই পদত্যাগের সিদ্ধান্ত গ্রহন করেন ।

---

কাজিরাঙ্গা জাতীয় উদ্যানের লাউখোয়া বুঢ়াসাপরি সহ বেশ কয়েকটি অঞ্চলে বাঘ নিরিক্ষণের কাজ সম্পন্ন হয়েছে বলে জাতীয় উদ্যানের ক্ষেত্র সঞ্চালক ডঃ সোনালী ঘোষ জানিয়েছেন । ডক্টর ঘোষ আরো

জানান যে পশু পাখীর বিচরণের সুবিধার্থে জাতীয় উদ্যোনের অন্যান্য অঞ্চলে ক্যামেরা স্থাপনের কাজ চলছে । গত বছর স্থাপন করা ক্যামেরার সাহায্যে লাভ করা আট লক্ষ ছবি থেকে বাঘ গণনা প্রক্রিয়া অব্যাহত রয়েছে ডক্টর ঘোষ জানান । উদ্যানটিতে সম্প্রতি ১০৪ টি বাঘ রয়েছে বলে উল্লেখ করে আগামীদিনে বাঘের সংখ্যা বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে বলে ডক্টর ঘোষ আশা প্রকাশ করেন । উল্লেখ্য গত তিন মাসে এক লক্ষ ৯৬ হাজারেরও বেশী দেশী বিদেশী পর্যটক কাজিরাঙ্গা জাতীয় উদ্যান ভ্রমন করেছেন । এদের মধ্যে ১ লক্ষ ৯০ হাজার ৪৭ জন দেশী এবং ৬ হাজার ৯শ ২৩ জন বিদেশী পর্যটক রয়েছেন ।

---

শলচরের কেশব স্মারক সমিতির ব্যাবস্থাপনায় গতকাল শিলচর গুরুচরণ কলেজ প্রেক্ষাগৃহে প্রীতম ভট্টাচার্য স্মারক বক্তৃতা শৃঙ্খলার অষ্টম বক্তৃতা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয় । এই অনুষ্ঠানে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের নির্ধারিত ৬টি বিভাগে কৃতী ছাত্র ছাত্রীদের পুরস্কার প্রদান করা হয় । অনুষ্ঠানে বর্তমান বিশ্ব পরিস্থিতিতে রাষ্ট্র বিরোধী বিমর্শ ও তার মায়াজাল শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন কোলকাতা থেকে আগত বিশিষ্ট বক্তা সপ্তর্ষি বসু । কেশব স্মারক সমিতির সভাপতি মৃদুল কুমার ধরের পৌরহিত্যে আয়োজিত অনুষ্টানে বিশিষ্ট শিক্ষাবিদ প্রাক্তন অধ্যাপক শঙ্কর ভট্টাচার্য ও রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের দক্ষিণ আসাম প্রান্তের প্রান্ত সংঘচালক জ্যোৎস্নাময় চক্রবর্তী সহ বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

---

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে খারিফ মরসুমে জেলার কৃষকদের উৎপাদিত ধান জেলার বাইরে সরবরাহ না করার ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে পুলিশ সুপারকে নির্দেশ দিয়েছেন । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে ২০২৫-২৬ খারিফ মরসুমে কৃষকদের কল্যানে রাজ্য সরকার থেকে ইতিমধ্যে ধান সংগ্রহের নূন্যতম সর্মথন মূল্য কুইন্টাল প্রতি ২হাজার তিনশ টাকা ধার্য্য করা হয়েছে । শ্রীভূমি জেলায় তিন হাজার মেট্রিক টন ধান সংগ্রহের লক্ষ্য মাত্রা ধার্য্য করা হয়েছে । ভারতীয় খাদ্য নিগম ও আসাম ফুড এন্ড সিভিল সাপ্লাই কর্পোরেশন লিমিটেডের মাধ্যমে ধান সংগ্রহ প্রক্রিয়া চলছে ।

উল্লেখ্য শ্রীভূমি জেলা থেকে সড়ক পথে রাজ্যের অন্যান্য জেলা ও বর্হি রাজ্যে সর্মথন মূল্য থেকে কম দামে ধান সরবরাহ করার বিষয়টি জেলা প্রশাসনের দৃষ্টিগোচর হয়েছে । জেলা প্রশাসন থেকে জেলার বাহিরে ধান সরবরাহ করার ক্ষেত্রে আগামী ৩১শে জুলাই পর্য্যন্ত নিষেধাজ্ঞা জারি করা হয়েছে ।

---

শিলচর পৌরসভার পক্ষ থেকে জনসাধারণের চলাচলের সুবিধা সুনিশ্চিত করা সহ পথচারীদের নিরাপত্তা বজায় রাখতে ফুটপাত দখল মুক্ত করতে বিশেষ অভিযান শুরু করা হয়েছে। পৌরসভা কর্তৃপক্ষ শহরের বিশেষত সেন্ট্রাল রোড, নাজিরপট্টি, হাসপাতাল রোড, সোনাই রোডে ব্যবসায়ীদের অবৈধভাবে ফুটপাত দখলের বিরুদ্ধে অভিযানে নেমেছে। এছাড়াও ফুটপাত দখল্‌মুক্ত করতে মাইকিং শুরু করা হয়েছে। শিলচর শহরকে পথচারী বান্ধব করতে শহরের নাগরিক ও ব্যবসায়ীদের সহযোগিতা কামনা করা হয়েছে।

---

লায়ন্স ক্লাব অব শিলচর ভিশনের উদ্যোগে এবং ধলছড়ার আনন্দমার্গ প্রচারক সংঘের সহযোগীতায় আজ ধলছড়া অফিস টিলা খেলার মাঠে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

উত্তরাখন্ডের দেরাদূনে চলতি ৩৮তম জাতীয় ক্রীড়া উৎসবে পদক জয়ী আসামের বক্সিং দলটি গতকাল গুয়াহাটীতে পৌছনোর পর খেলোয়াড়দের সংবর্ধনা জানানো হয় । আসাম বক্সিং সংস্থার সদস্যরা স্বর্ণপদক জয়ী অংকুশিতা বড়ো, রূপো পদক জয়ী শিব থাপা এবং অভিনব শইকিয়া ও ব্রোঞ্জর পদক জয়ী আইকন মিলিকে সংবর্ধনা জানানো হয় ।